

মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৭

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	৩৩৭	২২৮	১০৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৭৪	৯১৩	২১৮
মোট	১,৬১১	১,১৪১	৩২৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২২	২৬	৩০	৩০	১০৯
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৬	২৬	১৪৩	০৩	২১৮*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	২১	১৫	৩৬	১০জন সহকারী পরিচালক , ১১জন উপসহকারী পরিচালক, ১২জন সহকারী পরিদর্শক, ১জন সীটমুদ্রাক্ষরিক -কাম কম্পিউটার অপারেটর ও ২জন ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর কমিশনের চাকুরিতে যোগদান করেছেন।

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই ।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	১৫-১৭ নভেম্বর ২০১৭ মেয়াদে জার্মানি সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয় |

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয় |

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তারিখ	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	ডিপিএ: ৩.২৮ জিওবি: ০.০২	(১০০ শতাংশ) .০১১৭ (৫৯ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	১.৪৩ (১৩.২৫ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.৮০	০.৯০৫ (৫০.৩ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তারিখ	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তারিখ
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ , ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	২৫টি	৯৩৯.৩০	০৪	-	২৫টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	-	-	-	-	০২	-
দুর্নীতি দমন কমিশন-১৩	-	-	-	২	১০	১১
মোট ১৫	০	০	-	০২	১২	১১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	‘Good Governance in Public Administration’ স্থান: কানাডা	১২-১৮ নভেম্বর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	ছয়জন ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি) ২। অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট) ৩। অতিরিক্ত সচিব (বিধি ও সেবা) ৪। যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন) ৫। যুগ্মসচিব (প্রশাসন) ৬। যুগ্মসচিব (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়)
	২।	‘9 th Regional Conference and 22 nd Steering Group Meeting of ADB/OECD Anti- Corruption Initiative for Asia and the Pacific’ স্থান: সিউল, কোরিয়া	১৫-১৭ নভেম্বর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	একজন সিনিয়র সহকারী সচিব (সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা)
	৩।	SDGs: Bangladesh Perspective স্থান: অস্ট্রেলিয়া	০৬-১৭ নভেম্বর ২০১৭	প্রধানমন্ত্রীর কার্যালয়	একজন উপসচিব (উন্নয়ন সমন্বয়)
	৪।	‘Exposure visit to Rural Transformation Program: The Vietnam Experience’ স্থান: ভিয়েতনাম	১৯-২৮ নভেম্বর	পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ	দুইজন ১। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও শৃঙ্খলা) ২। সিনিয়র সহকারী সচিব (জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ)
দুর্নীতি দমন কমিশন	১।	ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১১ নভেম্বর ২০১৭	দুর্নীতি দমন কমিশন	২৯ জন
	২।	সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলা ভাষার ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ	২৬-৩০ নভেম্বর ২০১৭	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)	একজন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: এগারো জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

(১) মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দু'টি সভা, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং ২০ নভেম্বর ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে নিকার-এর ১১৪তম সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠক ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১৩টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০৮টি পত্র জারি করা হয়।

(৪) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে নভেম্বর ২০১৭ মাসে ১৪টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৫) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক ০১ নভেম্বর ২০১৭ তারিখে 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩০তম। উল্লেখ্য, উক্ত সাময়িকীর ২০১৬ সালের তালিকায় তাঁর অবস্থান ছিল ৩৬তম। এ ছাড়া যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক ২০১৬ সালে প্রকাশিত World's Greatest Leaders-শীর্ষক বিশ্বের পঞ্চাশ জন প্রভাবশালী নেতার তালিকায়ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দশম স্থানভুক্ত হন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলেছেন। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস' কর্তৃক 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকায় স্থায়ী অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৪/০৬ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ০৮ নভেম্বর ২০১৭ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) ৩০ অক্টোবর ২০১৭ তারিখে ইউনেসকো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ১৯৭১ সালের ৭ই মার্চে প্রদত্ত ভাষণ বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ঐতিহ্য হিসাবে স্বীকৃতি প্রদানের মাধ্যমে মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত করেছে। ইউনেসকো'র এ স্বীকৃতির মাধ্যমে পৃথিবীর মানুষ বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অতুলনীয় ব্যক্তিত্ব এবং বাঙালি জাতির মুক্তি সংগ্রামে তাঁর অবিসংবাদিত নেতৃত্ব ও রাষ্ট্রদর্শনের বিষয়ে বিশদভাবে অবহিত হওয়ার সুযোগ পাবে। একইভাবে এই কালোত্তীর্ণ ভাষণটি ভবিষ্যৎ প্রজন্মকে ন্যায় এবং মুক্তির পথে সতত উজ্জীবিত করার লক্ষ্যে সংরক্ষিত হয়ে থাকবে। সেই সঙ্গে এই অসাধারণ ভাষণ বাঙালি জাতি এবং সকল মুক্তিকামী মানুষকে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে অনুপ্রেরণার অনন্য উৎস হিসাবে শক্তি যোগাবে। এ স্বীকৃতি অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘরসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৪/০৬ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ০৮ নভেম্বর ২০১৭ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) ৮ নভেম্বর ২০১৭ তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেসকো-এর নির্বাহী বোর্ডের নির্বাচনে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হয়। এই নির্বাচনে ভোটদানের জন্য যোগ্য মোট ১৮৪টি দেশের মধ্য হতে ১৪৪টি দেশের সমর্থন পেয়ে টানা তৃতীয়বারের মতো বাংলাদেশ জয়লাভ করে। ইউনেসকো-এর নির্বাহী বোর্ডে বাংলাদেশ সদস্য হিসাবে নির্বাচিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে, মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহি দকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ ইউনেসকো জাতীয় কমিশনসহ

সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে মন্ত্রিসভার ২৯ কার্তিক ১৪২৪/১৩ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৪ নভেম্বর ২০১৭ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৮) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক সম্প্রতি প্রকাশিত গবেষণায় বিশ্বের সং রাষ্ট্র ও সরকার-প্রধানগণের তালিকা প্রকাশ করা হয়। গবেষণালব্ধ তালিকায় ১৭৩ জন রাষ্ট্র ও সরকার-প্রধানের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় স্থানে অন্তর্ভুক্ত হয়েছেন। অপরদিকে, উক্ত প্রতিষ্ঠানের অপর এক গবেষণায় বিশ্বসেরা পাঁচজন কর্মঠ এবং পরিশ্রমী রাষ্ট্র ও সরকার-প্রধানের তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চতুর্থ স্থানে রয়েছেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান ‘পিপলস অ্যান্ড পলিটিক্স’ কর্তৃক প্রকাশিত গবেষণায় বিশ্বের সং রাষ্ট্র ও সরকার-প্রধানগণের তালিকায় তৃতীয় এবং কর্মঠ ও পরিশ্রমী রাষ্ট্র ও সরকার-প্রধানগণের তালিকায় চতুর্থ স্থান অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অগ্রহায়ণ ১৪২৪/২৭ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ২৯ নভেম্বর ২০১৭ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা মির্জা টিউলিপ সিদ্দিক যুক্তরাজ্যের খ্যাতিনামা প্যাচওয়ার্ক ফাউন্ডেশন কর্তৃক ‘লেবার নিউকামার এমপি অব দ্য ইয়ার’ নির্বাচিত হয়েছেন। ১৫ নভেম্বর ২০১৭ তারিখে হাউজ অব কমন্স-এর স্পিকারের কাছ থেকে তিনি এই সম্মানসূচক পুরস্কার গ্রহণ করেন। এ প্রাপ্তি আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মির্জা টিউলিপ সিদ্দিক-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অগ্রহায়ণ ১৪২৪/২৭ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ২৯ নভেম্বর ২০১৭ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) Final Report of the Advisory Commission of Rakhine State-এর সুপারিশ বাস্তবায়ন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১১) ব্রাহ্মণবাড়িয়া জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর, গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) দিনাজপুর জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনা সংক্রান্ত বিষয়ে সচিব, জনরিপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) ফরিদপুর জেলায় ধর্মীয় অনুভূতিতে আঘাতের ঘটনার প্রতিবেদনের বিষয়ে সচিব, জনরিপত্তা বিভাগ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) সিলেট জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) জয়পুরহাট জেলায় পুলিশ কর্তৃক আসামি আটককে কেন্দ্র করে এক ব্যক্তির মৃত্যুর ঘটনার প্রতিবেদনের বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) অক্টোবর ২০১৭ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) রংপুর জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর, গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদন সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৮) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ‘মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার’-এ অন্তর্ভুক্তির মাধ্যমে ‘বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের’ স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একই দিনে ‘আনন্দ শোভাযাত্রা’র মাধ্যমে উদ্‌যাপন সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।

(১৯) কক্সবাজার জেলায় আশ্রয় গ্রহণ করা নিবন্ধিত এবং জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য বাংলাদেশ সরকারের ব্যয় সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর প্রেরণ করা হয়।

(২০) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের কক্সবাজারে অবস্থানের ফলে স্থানীয় এলাকার ক্ষয়ক্ষতি নিরূপণ ও তার প্রভাব সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, সচিব, স্বাস্থ্য সেবা

বিভাগ, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সচিব, জননিরাপত্তা বিভাগ, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়।

(২২) বিনা টিকেটে রেলভ্রমণ রোধকল্পে উদ্বুদ্ধকরণ এবং মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকবৃন্দের বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন কাদিরপাড়া ইউনিয়নের শিতলা মন্দিরে বিগ্রহ ভাঙচুরের ঘটনা সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৪) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী নভেম্বর ২০১৭ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন মামলায় ৫৯ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ১০ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল করা হয়েছে। এ ছাড়া ০২ জনের বিরুদ্ধে মামলা দায়ের এবং ১০৭ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৫) বিভিন্ন আইনে ০৮ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৬) ঢাকাস্থ বিভিন্ন দেশের দূতাবাসের প্রতিনিধিগণের বাংলাদেশের বিভিন্ন জেলা সফরের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ জানানো হয়।

(২৭) জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিলেট জেলার বালাগঞ্জ উপজেলা; জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাগেরহাট জেলার মোংলা উপজেলা ও পটুয়াখালী জেলা; জনাব মোঃ আব্দুল বা রিক, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ময়মনসিংহ জেলা এবং জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা পরিদর্শন করে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র দেওয়া হয়।

(২৮) ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য পরিপত্র জারি করা হয়।

(২৯) জেলা প্রশাসকগণের ছুটি/কর্মস্থল ত্যাগের বিষয়ে যথাযথ নিয়ম-কানুন অনুসরণ করার বিষয়ে পরিপত্র জারি করা হয়।

(৩০) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে সংগৃহীত/মুদ্রিত data base-এর কপি মন্ত্রিপরিষদ বিভাগের লাইব্রেরিতে সংরক্ষণের জন্য ক্যাটালগারকে বইয়ের কপিসহ পত্র প্রেরণ করা হয়।

(৩১) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৪জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১০জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩২) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির স্বেচ্ছাসেবকদের দুর্যোগকালীন ভাতা এবং উৎসব ভাতা প্রদান সংক্রান্ত পত্র দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৩৩) ঢাকা আহুনিয়া মিশন ক্যাম্পার হাসপাতালের তহবিল গঠনের নিমিত্ত লটারি পরিচালনায় সহায়তা প্রদান সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩৪) উত্তরা গণভবনের গাছ অবৈধভাবে কর্তন, অপসারণ ও অন্যান্য অনিয়ম বিষয়ক তদন্ত প্রতিবেদন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৩৫) নবান্ন উৎসব ১৪২৪ আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) মহান বিজয় দিবস-২০১৭ উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়।

(৩৭) মহান বিজয় দিবস-২০১৭ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানের আইনশৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা বিধান সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।

(৩৮) ভূমি অফিসের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত পত্র ভূমি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৯) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৫তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

- (৪০) মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণে পৃষ্ঠপোষকতার নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।
- (৪১) কক্সবাজার জেলার মাতারবাড়ি কোহেলিয়া বিদ্যুৎ প্রকল্পের জমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্তদের অভিযোগ নিষ্পত্তির জন্য কমিটি গঠনের সম্মতি প্রদান করা হয়।
- (৪২) পার্বত্য চট্টগ্রাম চুক্তির দুই দশক পূর্তি উদযাপন সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৪৩) পবিত্র ঈদ-ই-মিলাদুল্লাহী (সাঃ)-২০১৭ এবং শহিদ বুদ্ধিজীবী দিবস-২০১৭ পালনের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৪) ১২ ও ১৪ নভেম্বর ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের অংশগ্রহণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
- (৪৫) ই-ফাইলিং কার্যক্রমে প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।
- (৪৬) ২৮ নভেম্বর ২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ঢাকায় অনুষ্ঠেয় ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭-এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।
- (৪৭) নভেম্বর ২০১৭ মাসে এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা থেকে প্রাপ্ত ৯৪টি তথ্য ওয়েবসাইটে আপলোড/হালনাগাদ করা হয়।

গ. আগামী (ডিসেম্বর-জানুয়ারি) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।
- (৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) নিকার-এর সভা অনুষ্ঠান।
- (৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।
- (৮) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিং-এর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- (৯) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের সার-সংক্ষেপ (কার্যবিবরণীসহ) এবং বিজ্ঞপ্তির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভসে হস্তান্তরের নিমিত্তে উক্ত দলিলাদির খন্ডসমূহে পৃষ্ঠা-নম্বর প্রদান করা এবং ১৯৯০ সালের খন্ডসমূহ প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

(মুহাম্মদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd